**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 14-02-2026**
**Time: 07:35-07:40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**CM-Meeting :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার পৌরহিত্যে গতকাল টি.আই.টি'র কনফারেন্স হলে আগরতলা স্মার্ট সিটি প্রকল্পগুলি রূপায়ণের বিষয়ে এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। মুখ্যমন্ত্রী বলেন, স্মার্ট সিটির বিভিন্ন প্রকল্পগুলির কাজ চলাকালীন কোন অবস্থাতেই নাগরিকদের চলাচলে যেন অসুবিধা না হয় সেদিকে লক্ষ্য রেখে কাজ করতে হবে। বিভিন্ন প্রকল্প রূপায়ণের কাজ নির্ধারিত সময়ে শেষ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে তিনি গুরুত্বারোপ করেন। সভায় নগরোন্নয়ন দপ্তরের সচিব মিলিন্দ রামটেকে মোট ৬৬টি প্রকল্পের কাজ সম্পর্কে মুখ্যমন্ত্রীকে অবহিত করেন। সভায় উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার।

*********************

**PM-Assam :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আসাম সফর করবেন এবং গুয়াহাটিতে ৫ হাজার ৪৫০ কোটি টাকারও বেশি মূল্যের বিভিন্ন প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন। তিনি ডিব্রুগড়ের মোরান বাইপাসের জরুরি অবতরণ স্থানে নেমে যুদ্ধবিমান, পরিবহন এবং হেলিকপ্টারের আকাশ প্রদর্শনী প্রত্যক্ষ করবেন। বিকেলে, প্রধানমন্ত্রী ব্রহ্মপুত্র নদীর ওপরে ৩ হাজার কোটিরও বেশি টাকায় নির্মিত কুমার ভাস্কর বর্মা সেতু ও আসামের কামরূপ জেলার আমিনগাঁওয়ে উত্তর-পূর্বাঞ্চলের জন্য জাতীয় ডেটা সেন্টার উদ্বোধন করবেন।

*********************

**Lok Adalat :**

রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের উদ্যোগে আজ রাজ্যের সবকটি জেলা ও মহকুমা আদালতে মেগা লোক আদালত অনুষ্ঠিত হবে। রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী জানান, লোক আদালতে রাজ্যে ২৮টি বেঞ্চে ২৩ হাজার ৬৯৮টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হবে।

*******************

**Bal Vivah Mukta Bharat :**

কাঞ্চনপুর মহকুমা প্রশাসনের উদ্যোগে গতকাল কাঞ্চনপুর টাউন হলে বাল্যবিবাহ প্রতিরোধ ও নেশামুক্ত ভারত অভিযানের উপর একদিনের সচেতনতামূলক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালার উদ্বোধন করেন এডিসি'র সদস্য শৈলেন্দ্র নাথ। তিনি বাল্যবিবাহের কুফল, আইনগত বিধান এবং নেশা জাতীয় দ্রব্যের অপকারিতা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। বিশেষভাবে কিশোর-কিশোরীদের স্বাস্থ্য, শিক্ষা ও ভবিষ্যৎ সুরক্ষায় সমাজের দায়িত্বশীল ভূমিকার ওপর গুরুত্ব আরোপ করা হয়।

********************

**Review Meeting :**

তপশিলিজাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস বলেছেন উন্নয়ন প্রকল্পগুলির সর্বোচ্চ সুবিধা যেন রাজ্যের মানুষ গ্রহণ করতে পারে তার জন্য আধিকারিক ও কর্মচারিদের আরও আন্তরিকতার সঙ্গে কাজ করতে হবে। গতকাল বিলোনীয়া সার্কিট হাউজে দক্ষিণ জেলাভিত্তিক মৎস্যচাষ ও তপশিলি জাতি কল্যাণে গৃহীত বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের পর্যালোচনা সভায় তিনি একথা বলেন। সভায় বিভিন্ন প্রকল্পের কাজ নির্দিষ্ট সময়সীমার মধ্যে শেষ করতে তিনি আধিকারিকদের নির্দেশ দেন।

**********************

**I & C Minister :**

শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা বলেছেন, রাজ্য সরকার মুখ্যমন্ত্রী দক্ষতা উন্নয়ন প্রকল্পে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ দিয়ে বেকার যুবক যুবতীদের স্বাবলম্বী করার প্রয়াস নিয়েছে। গতকাল আগরতলায় তথ্য প্রযুক্তি দপ্তরের স্মার্ট ট্রেনিং সেন্টারে আয়োজিত রাজ্য ও আঞ্চলিক স্তরের স্কিল ইন্ডিয়া প্রতিযোগিতা বিজয়ীদের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি সম্প্রতি আসামে অনুষ্ঠিত রিজিওন্যাল ইন্ডিয়া স্কিলস কমপিটিশনে রাজ্যের ২ জন স্বর্ণ পদক, ২ জন রৌপ্য পদক, ১ জন ব্রোঞ্চ পদক এবং ১ জন মেডালিয়ন অফ অ্যাক্সিলেন্স পদক বিজয়ীকে পুরস্কৃত করেন।

**********************

**Bar Council Election :**

আজ বার কাউন্সিল অফ ত্রিপুরার নির্বাচন সকাল ৯টা থেকে বিকেল ৪টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। বার কাউন্সিলের ভোটে প্রতিদ্বন্দ্বিতা করছেন ১৭ জন আইনজীবী। রাজ্যের আটটি জেলাতেই ভোটগ্রহন করা হবে। গণনা আগামী ২১ ফেব্রুয়ারি।

**********************

**Seminar on Dowry :**

সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষামন্ত্রী টিঙ্কু রায় বলেছেন, মহিলাদের স্বশক্তিকরণের সঙ্গে আত্মনির্ভরতা ও আর্থ সামাজিক মান উন্নয়ন হলে গার্হস্থ হিংসা ও পন প্রথা রোধ করা যাবে। গতকাল আগরতলার সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তর আয়োজিত পণ এবং গার্হস্থ্য সহিংসতা রোধে রাজ্যস্তরের একদিনের কর্মশালায় তিনি একথা বলেন। তিনি বলেন ত্রিপুরা রুরাল লাইভলীহুড মিশনের অন্তর্গত ৫ লক্ষ মহিলাদের একত্রিত করে গ্রুপ তৈরী করে তাদের আত্মনির্ভর করার জন্য ২ হাজার কোটি টাকার ঋণ দেওয়া হয়েছে।

*********************

**Kishor Barman-Press Meet :**

উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মন বলেছেন ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গড়ার প্রধানমন্ত্রীর সংকল্পকে সামনে রেখেই এবারের কেন্দ্রীয় বাজেট সাজানো হয়েছে। গতকাল বিজেপির সোনামুড়া মন্ডল কার্যালয়ে সাংবাদিক সম্মেলনে একথা বলেন তিনি। তার কথায় গরিব মধ্যবিত্ত থেকে শুরু করে দেশের সকল অংশের জনগণ এই বাজেটের সুফল পাবেন।

**********************

**Provided Agricultural Input :**

আমবাসা কৃষি মহকুমা কার্যালয়ের উদ্যোগে গতকাল মহকুমা এলাকার কৃষকদের মধ্যে কৃষি সহায়ক সামগ্রী প্রদান করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন আমবাসা বিএসি'র চেয়ারম্যান পরিমল দেববর্মা। মোট ২৫ জন কৃষককে পাওয়ার ওইডার মেশিন, ২২ জনকে স্প্রে মেশিন দেওয়া হয়েছে। এছাড়া ১০ জন কৃষককে বিশেষ সম্মান স্বরূপ ১০ হাজার টাকা করে দেওয়া হয়েছে।

********************

**Gen. Padmajang Football :**

কৈলাশহরের কলেজ স্টেডিয়ামে আয়োজিত জেনারেল পদ্মজং স্মৃতি আমন্ত্রণমূলক ফুটবল টুর্নামেন্টের গতকালকের খেলায় মনিপুরের নেরোকা F.C দল জয়লাভ করেছে। নেরোকা F.C দুই-এক গোলের ব্যবধানে আসামের কোকড়াঝাড় জেলার গ্লোবাল F.C দলকে পরাজিত করে।

*******************

**Weather :**

আজ আকাশ সাধারনত পরিস্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৪ ডিগ্রি সেলসিয়াস।

*******************